

## **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৮

পর্ব-৩: পাক-পবিত্রতা (১ ুটা ্টা)

পরিচেছদঃ ১১. প্রথম অনুচেছদ - গোসলের সুন্নাত নিয়ম

بَابُ الْغُسْلِ الْمَسْنُوْنِ

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «غُسْلُ يَوْمِ الْجُمُعَةِ وَاجِبٌ عَلَى كُلِّ مُحْتَلِمٍ»

বাংলা

৫৩৮-[২] আবূ সা'ঈদ আল্ খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ প্রত্যেক প্রাপ্তবয়স্ক ব্যক্তির ওপর জুমু'আর দিন গোসল করা ওয়াজিব। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: বুখারী ৮৫৮, মুসলিম ৮৪৬, আবূ দাউদ ৩৪১, নাসায়ী ১৩৭৭, ইবনু মাজাহ্ ১০৮৯, আহমাদ ১১৫৭৮, দারেমী ১৫৭৮, সহীহ ইবনু হিব্বান ১২২৮।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: উপরোক্ত হাদীস প্রমাণ করে যে, প্রত্যেক বালেগ ব্যক্তির ওপর গোসল জুমু'আর দিনে ওয়াজিব। ইবনু দাকীক আল্ ঈদ বলেনঃ অধিকাংশ 'উলামাগণের মতে জুমু'আর দিনে গোসল মুসতাহাব। আর তারা পূর্বের হাদীসে আদেশসূচক ক্রিয়াকে মুস্তাহাবের উপর 'আমল করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন